


46



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংঘর্ষে ১ জন নিহত ৥ আহত ৫০

গতকাল (মঙ্গলবার) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগ্রাম পরিষদ এবং ছাত্র শিবিরের কর্মীদের মধ্যে সংঘর্ষে একজন নিহত ও অপর ৫০ জন আহত হয় বলিয়া সংবাদ-পাতা টেলিফোনে জানাইয়াছেন। আহতদের মধ্যে ৮ জনের অবস্থা গুরুতর। তাহাদের রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। নিহত-শফিকুল ইসলাম ইতিহাস বিভাগের ছাত্র ও ছাত্র শিবিরের কর্মী। সকালে ক্রমে ঐ দুইটি ছাত্র সংগঠনের (শেষ পৃ: ৬-এর ক: স্র:)



নিহত শফিকুল ইসলাম

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃ: পর)

দুই কর্মীর মধ্যে সৃষ্ট বচসার পরিণতিতে এই সংঘর্ষে আগুেয়াত্র ও হাতবোমা ব্যবহৃত হয়।

কর্তৃপক্ষ অনিদিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করিয়াছেন। ছাত্র-ছাত্রীদের আত্ম (বুধবার) সকাল ৯টার মধ্যে হল ভ্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা স্থগিত রাখা হইয়াছে। ডাইন চ্যান্সেলর প্রফেসর আমানউল্লাহ আহমদ গতকাল এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পরিস্থিতি ফিরাইয়া আনার জন্য সকল মহলের সহযোগিতা কামনা করিয়াছেন। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হইয়াছে।

এই সংঘর্ষের ব্যাপারে ছাত্র শিবির বোয়ালিয়া থানায় একটি এজাহার দিয়াছে। শিবির আত্ম (বুধবার) নগরীতে সকাল ৬টা হইতে বেলা ১২টা পর্যন্ত অর্ধদিবস হরতাল আহ্বান করিয়াছে।

নাটোর সংবাদদাতা জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র শিবিরের কর্মী নিহত হওয়ার প্রতিবাদে গতকাল সন্ধ্যায় নাটোরে শিবির কর্মীদের উদ্যোগ বিক্ষোভ মিছিল বাহির করা হয়। মিছিলকারীরা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

ছাত্র সংগ্রাম পরিষদ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ এক বিবৃতিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসী ঘটনার নিন্দা করিয়াছে। বিবৃতিতে বলা হয়, গতকাল ক্যাম্পাসে ছাত্র সংগ্রাম পরিষদের মিছিল চলাকালে ছাত্র শিবিরের 'ওড়ার' আগুেয়াত্র নইয়া মিছি-

লের উপর ঝাঁপাইয়া পড়ে। এই সময় এনোপাতাড়ি গুলীতে শিবিরের একজন কর্মী মারা যায়। বিবৃতিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৩১জন নেতা-কর্মীর মামলা প্রত্যাহার ও ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিহত করার জন্য ছাত্র সমাজ ও বিশ্ব-

বিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়। ছাত্রলীগ (মু-না) পৃথক বিবৃতিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসী ঘটনায় নিন্দা প্রকাশ করিয়াছে। ছাত্রমৈত্রীর কেন্দ্রীয় সভাপতি জহির উদ্দিন স্বপন ও সাধারণ সম্পাদক নূর আহমেদ বকুল এক বিবৃতিতে

রাক্ষ ও হল সংসদের নির্বাচিত ৩১ জন ছাত্রনেতার বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবীতে বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীদের মিছিলে হামলার নিন্দা করি-

য়াছে। এই হামলায় ছাত্র শিবিরকে দায়ী করিয়া দোষী ব্যক্তির শাস্তি দাবী করা হয়।

ছাত্র শিবিরের ভাষ্য

বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির গতকাল (মঙ্গলবার) ঢাকায় এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রথমবারে ভতিচ্ছ ছাত্রদের ভতি সংক্রান্ত কাঞ্চে ছাত্র শিবিরের কর্মীরা মরন সাহায্য-সহযোগিতা করিতেছিল

ঠিক সে সময় ছাত্র সংগ্রাম পরিষদের একদল কর্মী বহিরাগতদের সহযোগিতায় মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া প্রণাসনিক ভবনের সামনে শিবির কর্মীদের উপর

আকস্মিক হামলা চালায়। ফলে গুলীবিক্ষ হইয়া বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষ (সম্মান) গণিত বিভাগের ছাত্র ও শিবিরের মতিহার হল শাখার সম্পাদক শফিকুল ইসলাম

ঘটনাস্থলেই মারা যায়। এছাড়া শিবিরের আরও দশজন কর্মী আহত হয়। আহতদের মধ্যে গুলীবিক্ষ আবদুল হাকিমের অবস্থা আশঙ্কাজনক বলিয়া প্রেসবিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

এদিকে শিবির নেতা শফিকুল ইসলাম হত্যার প্রতিবাদে গতকাল বায়তুল মোকাররম মসজিদের দক্ষিণ গেইটে এক প্রতিবাদ সভার আয়োজন করে। প্রতিবাদ সভায় ছাত্র-শিবিরের সভাপতি শামসুল ইসলাম, মহাসচিব আমিনুল ইসলাম ও কেন্দ্রীয় প্রশিক্ষণ সম্পাদক মোঃ ওবায়দুল্লাহ বক্তৃতা করেন। পরে একটি বিক্ষোভ মিছিল বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করিয়া জাতীয় প্রেস ক্লাবে শেষ হয়।